

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগীয় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভাপতি: ঝর্ণা রহমান
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

তারিখ : ২২/০৮/২০২১ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট – ক

অধ্যকার পল্লী উন্নয়ন ও স্থায়ী কমিটির সভার কার্যক্রম শুরু হয় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ঝর্ণা রহমান এর সভাপতিত্বে। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা সমবায় অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক সভা অনুষ্ঠিত হয়।

| ক্রমিক নং- ১: বিগত সভার কার্যবিবরণী: | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|--|---|--|
| আলোচনা ও পর্যালোচনা: সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| আলোচ্য সূচী: ০২: আশ্রয়ন প্রকল্পে বসবাসরত উপকারভোগীদের বসবাসরত উপকারভোগীদের ঋন বিতরণ সম্পর্কে আলোচনা সংক্রান্ত : আড়াইহাজার উপজেলাধীন কালাপাহাড়িয়া ইউনিয়নে ডেঞ্জুরকান্দি ও পূর্বকান্দিতে চলমান ০২ টি আশ্রয়ন প্রকল্পে বসবাসরত উপকারভোগীদের সরকার কর্তৃক ঘর বরাদ্দ প্রাপ্তদের মধ্যে যাচাইকৃত তালিকা মোতাবেক হাস মুরগ, গবাদী পশু পালন ও কৃষি কাজ করে স্বাবলম্বী হওয়ার জন্য প্রতি পরিবারকে ঋন প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা সমবায় অফিসারকে এবিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। |
| আলোচ্য সূচী: ৩: পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির প্রকল্প সংক্রান্ত আলোচনা: অত্র উপজেলাধীন দাইবাড়ী বড় খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতিটি আর্থিক অস্বচ্ছলতার জন্য খাল খনন ও পরিষ্কার করতে না পাড়ায় সদস্যগণ সুবিধা বঞ্চিত হচ্ছে। এ প্রেক্ষিতে সমিতির কর্তৃপক্ষ যাতে সঠিকভাবে সমিতিটি রক্ষনাবেক্ষন করতে পারে এতদবিষয়ে একটি আর্থিক ব্যায় প্রকল্প দাখিল বিষয়ে আলোচনা করা হয়। | উপজেলা সমবায় অফিসারকে এবিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ঝর্ণা রহমান)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

স্মারক নং-১৭৩

তারিখ: ২২/০৮/২০২১ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জনাব আলহাজ্ব নজরুল ইসলাম বাবু, মাননীয় সংসদ সদস্য, নারায়ণগঞ্জ-২।
- ০২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটিটর (ইউডিএফ), আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৬। অফিস নথি।

(নাহিদা নাছরিন)

উপজেলা সমবায় অফিসার

ও

সদস্য সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়ণগঞ্জ